গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কোটচাঁদপুর, ঝিনাইদহ

**কোটচাঁদপুর উপজেলা পরিষদ নভেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোছাঃ শরিফুন্নেছা (মিকি)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
সভার স্থান : উপজেলা অফিসার্স ক্লাব, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
সভার তারিখ : ১৬ নভেম্বর ২০২৩ খ্রি.
সভার সময় : সকাল- ১০.৩০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-"ক", সভায় অনুপস্থিত সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট- "খ", সভায় উপস্থিত প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট-"গ"

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যবিবরণীতে কোন বিভাগের সংশোধনী থাকলে তা পেশ করার জন্য অনুরোধ জানান। কোন প্রকার সংশোধনী প্রস্তাব না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উপজেলা পরিষদের সকল দপ্তরের বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের মাসিক সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :**

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য অধিদপ্তর :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড/১৯ এর ৪র্থ ডোজের টিকা কার্যক্রম চলমান আছে। নভেম্বর/২৩ মাসে স্বাস্থ্য কেন্দ্রে ডেঙ্গু রোগী মোট ভর্তির সংখ্যা ৩০ টি, সুস্থ ২৫ জন এবং চিকিৎসাধীন রয়েছে ০৫ টি শনাক্তের হার এবং ভর্তির হার দিন দিন বেড়েই চলেছে। এ বিষয়ে এখনই সর্তক না হলে ভয়াবহ রূপ ধারণ করতে পারে। স্বাস্থ্য কেন্দ্রে ইনডোর ও আউটডোরে সকল সেবা কার্যক্রম চলমান আছে। এছাড়াও তিনি জানান যে, হাসপাতালে সকল মুক্তিযোদ্ধাদের স্বাস্থ্য সেবা ও মহিলাদের মাতৃত্বকালীন স্বাস্থ্য সেবা কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। | (ক) ডেঙ্গুর বিষয়ে জনসাধারণের সচেতনতার জন্য ব্যাপক প্রচার প্রচারণাসহ পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রম চালাতে হবে।<br><br>(খ) উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ইনডোর ও আউটডোরে সকল সেবা কার্যক্রম আরো বেশি ত্বরান্বিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা পরিষদ |
| ০২ | **পরিবার পরিকল্পনা অধিদপ্তর :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মাসিক সভায় পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ও মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের বিভিন্ন সূচক সভায় উপস্থাপন করেন। এছাড়াও স্বল্প মেয়াদী বিশেষ সেবা সপ্তাহ/২০২৩ আগামী ২৫/১১/২০২৩ তারিখ হতে শুরু হয়ে ৩০/১১/২০২৩ তারিখ পর্যন্ত পালন করতে হবে। এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) দাপ্তরিক কার্যক্রম আরো বেশি ত্বরান্বিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩ | **উপজেলা প্রকৌশল অধিদপ্তর :** উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় জানান যে, চলতি অর্থবছরে রাজস্ব তহবিলের অর্থসহ এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ অনুয়ায়ী উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণ পূর্বক খাতওয়ারী প্রকল্প গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সকল ইউনিয়ন পরিষদ থেকে প্রকল্প পাওয়া গেছে এবং প্রকল্পগুলোর প্রাক্কলন ও প্রস্তুত করা হয়েছে। এছাড়াও পিইডিপি-৪ এর আওতায় ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ০৮ টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। যার গড় অগ্রগতি ৫৩% সাফদারপুর, কোটচাঁদপুর মডেল ও পাঁচলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০৩ টি টয়লেটসহ প্রধান শিক্ষকের কক্ষ নির্মাণের কাজ চলমান রয়েছে। যার গড় অগ্রগতি ৩০%। চাহিদা ভিত্তিক জাতীয় করণকৃত (জি,পি,এস-১) প্রকল্পের আওতায় ১৬টি বিদ্যালয়ের মধ্যে ১৩ টির কাজ সমাপ্ত হয়েছে এবং ০৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। | (ক) উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে।<br><br>(খ) (PEDP-4) এর আওতায় গৃহীত সকল প্রকল্প পরিদর্শন পূর্বক বিল প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | RERMP-3 প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়নে কাঁচা পাঁকা ২০ কি :মি: রাস্তায় ১০ জন করে মোট ৫০ জন মহিলা দ্বারা রাস্তা মেরামতের কাজ চলমান আছে। | | |
| ০৪ | **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর :** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি রবি মৌসুমে বোরো ধানের নতুন জাত সম্পর্কে মাঠ পর্যায়ে কৃষকদের অবহিত করা হচ্ছে। সরকারের লক্ষ তেল উৎপাদন বৃদ্ধি করা সে লক্ষে কৃষকদের মধ্যে বিনামূল্যে বারি সরিষা/১৪ এবং সূর্যমুখীর বীজ ও সার প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি পরিষদকে অবহিত করেন যে, সারা বাংলাদেশের ন্যায় পাটনার প্রকল্পে আওতায় অত্র উপজেলা অন্তর্ভূক্ত হওয়ায় কৃষকদের বিভিন্ন সুযোগ সুবিধা আরো বেশি বৃদ্ধি পাবে। | (ক) সার্বিক কার্যক্রম আর ও বেশি মনিটরিং করতে হবে। | উপজেলা অফিস। |
| ০৫ | **মৎস্য অধিদপ্তর :** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য সংরক্ষণ আইন অনুযায়ী জাতীয় মৎস্য সম্পদ ইলিশ মাছের উন্নয়ন ও অধিক উৎপাদনের লক্ষে প্রতি বছর ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ০৮ মাস জাটকা আহরণ, পরিবহন, মজুদ, ক্রয়-বিক্রয়, বাজারজাত করণ সম্পূর্ণ নিষিদ্ধ। এ বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়াও তিনি জানান যে, উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের দ্বিতীয়তলা পশ্চিম ইউনিটে ইলেকট্রিক তার পরিবর্তন এবং প্লাস্টার দীর্ঘদিন সংস্কার না করায় তা ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে এমতাবস্থায় উক্ত ভবনটি সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | (ক) জাটকা সংরক্ষণ অভিযান-২০২৩ উপলক্ষ্যে গৃহীত সকল কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br><br>(খ) সম্প্রসারিত ভবনের দ্বিতীয়তলার পশ্চিম ইউনিটে ইলেকট্রিক তার এবং প্লাস্টার সরজমিন পরিদর্শন পূর্বক প্রাক্কলন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা<br><br>উপজেলা প্রকৌশলী |
| ০৬ | **প্রাণিসম্পদ অধিদপ্তর :** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় নভেম্বর/২০২৩ মাসে বিভিন্ন রোগের **টিকা প্রদান :** গবাদি পশু – ১৮৪০ টি, হাঁসমুরগী- ৩১৫০০ টি। **চিকিৎসা :** গবাদি পশু -১০৫০ টি, হাঁসমুরগী- ৫৫০০ টি **কৃত্রিম প্রজনন :** কৃত্রিম প্রজনন মোট সংখ্যা ৫৭৫ টি, বাচ্চা জন্মের সংখ্যা ২২৭ টি। **রাজস্ব আয় :** টিকাবীজ বিক্রয় ১৪,১৮৫/- (চৌদ্দ হাজার একশত পচাঁশি) টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ আয় ৪১,৫০০/- (একচল্লিশ হাজার পাঁচশত) টাকা, ফার্ম পরিদর্শন ১০ টি, ওঠান বৈঠক ০৬ টি। এছাড়াও গবাদি পশুর তড়কা ও এভিয়ান ইনফ্লুয়েঞ্জা রোগের চিকিৎসা প্রদান করা হচ্ছে। | (ক) আমিষ ও পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যে গবাদি পশু ও হাঁসমুরগীর চিকিৎসা সেবা আরো বেশি ত্বরান্বিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৭ | **দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) বিভিন্ন কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করেন। **গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) :** সাধারণ ১ম পর্যায়ে গৃহীত প্রকল্প সমূহের কাজ সমাপ্ত হয়েছে। ২য় পর্যায়ে বরাদ্দ পাওয়া গেছে প্রকল্প তালিকা চেয়ে ইউনিয়ন সমূহে পত্র প্রেরণ করা হয়েছে। নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে গৃহীত প্রকল্প সমূহের কাজ সমাপ্ত হয়েছে। ২য় পর্যায়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৩, ঝিনাইদহ-৩ মহোদয় কর্তৃক প্রকল্প তালিকা পাওয়া গেছে যা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে। পৌরসভায় ১ম পর্যায়ে গৃহীত প্রকল্প সমূহের কাজ সমাপ্ত হয়েছে। ২য় পর্যায়ে মাননীয় মেয়র কোটচাঁদপুর পৌরসভা মহোদয় কর্তৃক প্রকল্প তালিকা পাওয়া গেছে যা চূড়ান্ত অনুমোদলের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক ১ম পর্যায়ে গৃহীত প্রকল্প সমূহের কাজ সমাপ্ত হয়েছে। বিভাগীয় কমিশনার ১ম কিস্তির বিল ছাড় করা হয়েছে এবং কাজ চলমান রয়েছে। **গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) :** সাধারণ ১ম পর্যায়ে গৃহীত প্রকল্প সমূহের কাজ সমাপ্ত হয়েছে। ২য় পর্যায়ে বরাদ্দ পাওয়া গেছে প্রকল্প তালিকা চেয়ে ইউনিয়ন সমূহে পত্র প্রেরণ করা হয়েছে। নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে গৃহীত প্রকল্প সমূহের কাজ সমাপ্ত হয়েছে। ২য় পর্যায়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৩, ঝিনাইদহ-৩ মহোদয় কর্তৃক প্রকল্প তালিকা পাওয়া গেছে যা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে। **অতিদরিদ্রদের জন্য কর্মসূচি (ইজিপিপি) :** ১ম পর্যায়ে বরাদ্দ পাওয়া গেছে কাজও চলমান রয়েছে। **মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প :** ৫ম পর্যায়ে ০৩ টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে এবং কাজ চলমান রয়েছে। **এইচ বি বি প্রকল্প :** ১ম পর্যায়ে বরাদ্দ পাওয়া গেছে টেন্ডার সিডিউল বিক্রয় পূর্বক লটারির মাধ্যমে ঠিকাদারি প্রতিষ্ঠান নির্বাচন করে চূড়ান্ত অনুমোদনের জন্য সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। | (ক) চলতি অর্থবছরে গৃহীত সকল প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | **সমাজসেবা অধিদপ্তর** : উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে ১ম কিস্তিতে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ৫৭১৫ জন, বিধবা- ২৪৫০ জন, প্রতিবন্ধী-৩০৮৪ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি- ১০৫ জন, দলিত হরিজন বিশেষ ভাতা ৫০ জন, দলিত হরিজন শিক্ষা উপবৃত্তি ৬৪ জন সর্বমোট ১১,৪৬৮ জন ভাতাভোগীর অনুকূলে ভাতার অর্থ ছাড় করা হয়েছে। ইতোমধ্যে অনেক বয়স্ক ভাতাভোগী তাদের ভাতার অর্থ পেয়েছেন। এছাড়াও হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় হাসপাতালে ভর্তিকৃত দুঃস্থ অসহায় রোগীদের বিনামূল্যে ঔষধ সরবরাহ করা হচ্ছে। | (ক) বিভিন্ন ভাতাভোগীদের মোবাইলে ভাতার টাকা ঢোকার আগে ভাতাভোগীকে সচেতন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৯ | **প্রাথমিক শিক্ষা অধিদপ্তর** : উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলায় মোট ৭৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুকূলে স্লিপের সর্বমোট ২০,৭৭,৫০০/- (বিশ লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত) টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়নে দুইটি করে মডেল স্কুল স্থাপনের লক্ষে স্কুলের তালিকা প্রেরণ করা হয়েছে। নতুন সম্প্রসারিত ভবন উদ্বোধনের সংখ্যা ০৩ টি, এস,এম,সি মোট সংখ্যা ৭৪ টি এর মধ্যে ০২ টি অনুমোদন করা হয়েছে। প্রাক প্রাথমিক ও ১ম শ্রেণীতে ধারাবাহিক মূল্যায়ন চলবে। ২য় থেকে ৫ম শ্রেণীর প্রান্তিক মূল্যায়ন শুরু হবে আগামী ২২/১১/২৩ খ্রি. হতে ৩০/১১/২৩ খ্রি. পর্যন্ত। এছাড়াও ০৫ টি বিদ্যালয় নির্বাচন কাজে মেরামত বরাদ্দ পাওয়া যায় । উক্ত বরাদ্দে আলোকে অতিদ্রুত কাজ সম্পূন্ন করে চূড়ান্ত বিল দাখিল করার নির্দেশ প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি জানান যে, তাঁর দপ্তরে দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম চলমান আছে। | (ক) সার্বিক কার্যক্রম আর ও বেশি ত্বরান্বিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** : **ভিডব্লিউবি:** ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রের অক্টোবর ২০২৩ মাসের খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। এ মাসে কার্নেলের বরাদ্দ না পাওয়ায় খাদ্যশস্য ডিও জারি করা যায়নি নির্দেশনা মোতাবেক এ চক্রের উপকারভোগীদের স্ব স্ব ব্যাংক হিসাবে ২২০ টাকা সঞ্চয় জমা সঞ্চয় আদায় কার্যক্রম চলমান রয়েছে। **মা ও শিশু সহায়তা কর্মসূচি :** ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতি মাসে ইউনিয়ন প্রতি ৬ জন করে এবং পৌরসভায় প্রতিমাসে ১৩ জন ভাতাভোগীর বরাদ্দ পাওয়া যায়। এ প্রেক্ষিতে প্রতি ইউনিয়ন কমিটি কর্তক অক্টোবর ২০২৩ মাসের ৬ জন করে এবং পৌরসভা কমিটি কর্তৃক অক্টোবর মাসের ১৩ জন ভাতাভোগীদের তালিকা অনুমোদন করার জন্য সুপারিশ করা হয় এবং নভেম্বর ২৩ মাসের প্রতি ইউনিয়ন কমিটি কর্তক ৬ জন করে এবং পৌরসভা কমিটি কর্তৃক ১৩ জন ভাতাভোগীদের তালিকা প্রাপ্ত আবেদন হতে নীতিমালা অনুযায়ী যাচাই বাছাই পূর্বক ২৫/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা কমিটিতে প্রেরণ করার করার জন্য অনুরোধ করা হয়। **প্রশিক্ষণ কার্যক্রমঃ** ডব্লিউটিসি প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় অক্টোবর/২৩ হতে ডিসেম্বর/২৩ মেয়াদের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। **সচেতনতা মূলক কার্যক্রমঃ** বাল্যবিবাহ, আত্মহত্যা, নারী নির্যাতন ,যৌতুক, ইভটিজিং, মাদক, মানব পাচার রোধে সেচ্ছাসেবী মহিরা সংগঠনের সদস্যবৃন্দের সাথে, ভিডব্লিউবি, উপকারভোগী এবং প্রশিক্ষণার্থীদের সাথে আলোচনা, উঠান বৈঠক এর মাধ্যমে সচেতনতা মূলক কার্যক্রম চলমান রয়েছে । **কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প আওতায় কার্যক্রম চলমান রযেছে। উল্লেখ্য যে, দোড়া. কুশনা ও এলাঙ্গী কিশোর কিশোরী ক্লাবে সংগীত শিক্ষক না থাকায় সংগীত ক্লাস ঐ ক্লাবগুলো বন্ধ রয়েছে এবং সংগীত শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে । | (ক) গৃহীত সকল কর্মসূচি আর ও বেশি ত্বরান্বিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | **যুব উন্নয়ন অধিদপ্তর** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে নভেম্বর/২৩ মাসে আত্মকর্ম সংস্থানের লক্ষ্যে মোট ঋণ আদায়যোগ্য ৩,০৯,৬৫০/- (তিন লক্ষ নয় হাজার ছয়শত পঞ্চাশ) টাকা। আদায়কৃত ৩,০৭,৯৫০/- (তিন লক্ষ সাত হাজার নয়শত পঞ্চাশ) আদায়ের হার ৯৯%। চলমান অর্থবছরে ঋণ বিতরণ ১৪,৭০,০০০/-(চৌদ্দ লক্ষ সত্তর হাজার) টাকা। ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণ ৬,৭৯,৩৭,৪০০/- (ছয় কোটি উনআশি লক্ষ সাইত্রিশ হাজার চারশত) টাকা আদায়যোগ্য ৬,৪১,৩৭,৮৭৫/- (ছয় কোটি একচল্লিশ লক্ষ সাইত্রিশ হাজার আটশত পচাঁত্তর) টাকা, আদায়কৃত ৬,৩৮,২৯,০৫৭/- (ছয় কোটি আটত্রিশ লক্ষ উনত্রিশ হাজার সাতান্ন) টাকা। আদায়ের হার ৯৯%। চলমান মাসে কিস্তি খেলাপি আদায়কৃত ৩,১০০/- (তিন হাজার একশত) টাকা। | (ক) ঋণ আদায়ের বিষয়ে সার্বিক তদারকি করতে হবে কোনভাবেই খেলাপি হতে দেওয়া যাবে না। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | **পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি :** মোট ঋণ আদায়যোগ্য ৫৫,২০০/- (পঞ্চান্ন হাজার দুইশত) টাকা, আদায়কৃত ৫৫,২০০/- (পঞ্চান্ন হাজার দুইশত) টাকা আদায়ের হার ১০০%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১,১৩,০৭,০০০/- (এক কোটি তের লক্ষ সাত হাজার) টাকা, আদায়যোগ্য ১,১১,০২,৫০০/- (এক কোটি এগার লক্ষ দুই হাজার পাচঁশত) টাকা, আদায়কৃত ১,১০,৭৭,৪৩৮/- (এক কোটি দশ লক্ষ সাতাত্তর হাজার চারশত আটত্রিশ) টাকা, আদায়ের হার ৯৯%। | | |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** : উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, বলরামনগর ও শ্মশান ঘাট আশ্রয়নে মুজিব বর্ষের ০৩ টি নলকূপ স্থাপন করা হয়েছে। এছাড়াও দুধসরা, নওদাগ্রাম, কাশিপুর, বারমাসা, কাঠালিয়া সুন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজ হস্তান্তর করাসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | (ক) সকল প্রকল্পের কার্যক্রম আর ও বেশি ত্বরান্বিত ও জবাবদিহিতার মধ্যে আনতে হবে। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৩ | **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড** : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষমাত্রা ৮০৭.৩১ (লক্ষ) টাকা। নভেম্বর/২৩ মাস পর্যন্ত ৪০০ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ হয়েছে ২৫০.২০ (লক্ষ) টাকা। নভেম্বর/২৩ মাস পর্যন্ত ঋণ আদায় ২৫৩.৩০ (লক্ষ) টাকা। আদায়ের হার ১০০%। সঞ্চয় আদায় হয়েছে ১৭.৬৬ (লক্ষ) টাকা। এছাড়া ৪৫০ জন সদস্য আয়বর্ধনমূলক প্রশিক্ষণ শেষে ঋণ সহায়তা গ্রহণ করেছে। ফুলবাড়ী মাধ্যমিক বিদ্যালয় ও শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ে পল্লী উন্নয়ন কিশোরী সংঘের কার্যক্রম চলমান আছে। | (ক) ঋণ বিতরণ ও আদায় আর ও বেশি স্বচ্ছতার জন্য মাঠ পর্যায়ে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৪ | **সমবায় অধিদপ্তর** : উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, নভেম্বর/২৩ মাসে মোট অডিটযোগ্য সমিতির সংখ্যা ৪২ টি, অডিট সম্পন্ন হয়েছে ২১ টি, ধার্যকৃত মোট অডিট ফি ৪৫,৬২০/- (পঁয়তাল্লিশ হাজার ছয়শত বিশ) টাকা, আদায়কৃত মোট অডিট ফি ৪৫,৬২০/- (পঁয়তাল্লিশ হাজার ছয়শত বিশ) টাকা আদায়ের হার ১০০%। ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল ৩৯,৭৭২/- (উনচল্লিশ হাজার সাতশত বায়াত্তর) টাকা, আদায়কৃত সমবায় উন্নয়ন তহবিল ৩৯,৭৭২/- (উনচল্লিশ হাজার সাতশত বায়াত্তর) টাকা, আদায়ের হার ১০০%। চিত্রা আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প : মোট বরাদ্দ ১,৪০,০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা বিতরণকৃত ঋণের পরিমাণ ৯,৭৭,০০০/- (নয় লক্ষ সাতাত্তর হাজার) টাকা, আদায়যোগ্য ঋণের পরিমাণ ১০,৫৫,১৬০/- (দশ লক্ষ পঞ্চান্ন হাজার একশত ষাঁট) টাকা, আদায়কৃত ঋণের পরিমাণ ৯,৫৭,৫৩৩/- (নয় লক্ষ সাতান্ন হাজার পাঁচশত তেঁতত্রিশ) টাকা। | (ক) নিবন্ধনকৃত সকল সমিতিগুলোর ঋণ কার্যক্রমসহ বিভিন্ন বিষয়ে সার্বিক তদারকি করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | **সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র** : সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরে এ উপজেলায় ৫ কি:মি রাস্তা বনায়ন করার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের আলোকে বনায়নের জন্য উপর্যুক্ত রাস্তা নির্বাচন করা প্রয়োজন। এছাড়াও ব্যক্তিগত উদ্যোগে যদি কেও নার্সারি বাগান করতে চান তাহলে তাঁর দপ্তরের নির্দিষ্ট ফর্মে আবেদন করার জন্য অনুরোধসহ দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। | (ক) দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র |
| ১৬ | **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর** : উপজেলা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, কারিকুলাম বিস্তরণ কর্মসূচি ২০২২-২৩ এর আওতায় মাস্টার ট্রেইনারদের মাধ্যমে ক্লাস্টার ভিত্তিক ইন হাউজ প্রশিক্ষণ চলমানসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | (ক) দাপ্তরিক কারযক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৭ | **খাদ্য অধিদপ্তর** : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে গুদামে স্টক আছে চাউল ১৬১৫.৯১৩ মে:টন, ধান- ০০ মে:টন গম- ১০.৫৪০ মে:টন। চলতি বোরো মৌসুমে সংগ্রহের লক্ষমাত্রা চাউল (সিদ্ধ) ৩৫৩.৩৭৭ মে:টন, ধান ৫৫৬.০০০ মে:টন। গম- ৪৩.০০০ মে:টন। এছাড়াও ভিজিডি, খাদ্য বান্ধব, ওএমএস কর্মসূচির সকল কার্যক্রমসহ তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | (ক) মাঠ পর্যায়ে ভিজিডি, খাদ্য বান্ধব, ওএমএস কর্মসূচির সকল কার্যক্রম মনিটরিং করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮ | **বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্র সেচ) বিএডিসি** : উপ-সহকারী প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের কোন আলোচনা করা সম্ভব হলো না। | (ক) পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) বিএডিসি |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা দারিদ্র্য বিমোচন দপ্তর** : উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র ঋণের মোট লক্ষ্যমাত্রা ১০৮.০০ টাকা, অর্জন ৮৮.৬০ টাকা, অর্জনের হার ৮২%। নারী উদ্যোক্তা ঋণের মোট লক্ষ্যমাত্রা ৪১.০০ টাকা, অর্জন ৩৪.৭০ টাকা অর্জনের হার ৮৫%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের মোট লক্ষ্যমাত্রা ৫০.০০ টাকা,অর্জন ৪৩.৬০ টাকা, অর্জনের হার ৮৭%। এছাড়াও তিনি জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ২০ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):** ইউডিএফ সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় এ উপজেলায় ৬ষ্ঠ পর্যায়ে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প সমূহ চুড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। | (ক) উপ-প্রকল্প সমূহ প্রকল্প সদর দপ্তর হতে অনুমোদিত হলে দ্রুত এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ |
| ২১ | **তথ্য সেবা প্রকল্প** : উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমান আছে। | (ক) দাপ্তরিক সার্বিক কার্য়যক্রম চলমান রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা |
| ২২ | **সাব রেজিস্ট্রার দপ্তর** : সাব রেজিস্ট্রার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কোন আলোচনা সম্ভব হলো না। | (ক) পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br>(খ) সভায় অনুপস্থিত থাকায় ব্যাখ্যা প্রদানের জন্য নোটিশ জারি করতে হবে। | সাব রেজিস্ট্রার |
| ২৩ | **আবাসিক প্রকৌশলী দপ্তর** : আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো) সভায় জানান যে, নভেম্বর/২৩ মাসে নতুন সংযোগ প্রদান করা হয়েছে মোট ৫৫ টি, অভিযোগ ৫৭ টি, সিস্টেম লস ৯.৪৭%, বিলকৃত টাকার পরিমাণ ১,৫২,১০,৯৩৫/- (এক কোটি বায়ান্ন লক্ষ দশ হাজার নয়শত পয়ত্রিশ) টাকা, আদায়ের পরিমাণ ১,৭৪,২০,৮৭৬/- (এক কোটি চুয়াত্তর লক্ষ বিশ হাজার আটশত ছিয়াত্তর) টাকা।<br>মোট বকেয়া ৩,৮৭,০৮,৩৩৫/- (তিন কোটি সাতাশি লক্ষ আট হাজার তিনশত পয়ত্রিশ) টাকা, পৌরসভার বকেয়া ২,৩৯,৮৩,৬৭৬/- (দুই কোটি উনচল্লিশ লক্ষ তিরাশি হাজার ছয়শত ছিয়াত্তর) টাকা। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | (ক) চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থা করতে হবে। | আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো) |
| ২৪ | **নির্বাচন দপ্তর** : উপজেলা নির্বাচন অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমান আছে। | (ক) দাপ্তরিক সার্বিক কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২৫ | **ফায়ার সার্ভিস দপ্তর** : স্টেশন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কোন আলোচনা সম্ভব হলো না। | (ক) পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br>(খ) সভায় অনুপস্থিত থাকায় ব্যাখ্যা প্রদানের জন্য নোটিশ জারি করতে হবে। | স্টেশন অফিসার |
| ২৬ | **আনসার ভিডিপি দপ্তর** : উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কোন আলোচনা সম্ভব হলো না। | (ক) পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br>(খ) সভায় অনুপস্থিত থাকায় ব্যাখ্যা প্রদানের জন্য নোটিশ জারি করতে হবে। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ২৭ | **পাট অধিদপ্তর** : উপজেলা পাট অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমান আছে। | ক) দাপ্তরিক সার্বিক কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা পাট অফিসার |
| ২৮ | **সাব জোনাল অফিস, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি** : এজিএম কোটচাঁদপুর সাব জোনাল অফিস, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, নভেম্বর/২৩ মাসে নতুন সংযোগ প্রদান করা হয়েছে ৪৭ টি, অভিযোগ গ্রহণ ৪২ টি, মোট বিদ্যুৎ ক্রয় ৩৪,৪১,৮১৯ কি:ও:আ:,বিদ্যুৎ বিক্রয় ৩১,৩২,০৪৪ কি:ও:আ: সিস্টেম লস ৯.০০%, বিদ্যুৎ বিক্রয় ১,৮৯,৭৩,১৩৮/- (এক কোটি উননব্বই লক্ষ তিয়াত্তর হাজার একশত আটত্রিশ) টাকা, বিল আদায় ২,১৬,২২,১১৫/- (দুই কোটি ষোল লক্ষ বাইশ হাজার একশত পনের) টাকা। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | (ক) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | এজিএম কোটচাঁদপুর সাব জোনাল অফিস, |
| ২৯ | **ইসলামিক ফাউন্ডেশন:** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম চলমান আছে। মসজিদে ইমামদের মাধ্যমে সন্ত্রাস, জঙ্গিবাদ, বাল্য বিবাহ ও আত্মহত্যার বিষয়ে সচেতনতা মূলক আলোচনা অব্যাহত রয়েছে। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের মহোদয়ের নির্দেশনায় এ উপজেলার সকল মসজিদের সংশ্লিষ্ট সকলের তালিকা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | (ক) ইমামদের মাধ্যমে সন্ত্রাস, জঙ্গিবাদ, বাল্য বিবাহ ও আত্মহত্যাসহ সরকার কর্তৃক জারিকৃত অন্যান্য নির্দেশনা জুম্মা নামাজের খুৎবায় আলোচনার বিষয়ে তদারকি করতে হবে।<br>(খ) এ উপজেলার সকল মসজিদের তালিকা প্রেরণ করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |

| | | | |
|---|---|---|---|
| ৩০ | **সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান** : সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নে জন্ম মৃত্যু এবং গ্রাম আদালতে সার্বিক কার্যক্রমসহ চলতি অর্থবছরে টিআর/কাবিখার ১ম কিস্তির বরাদ্দের অনুকূলে গৃহীত প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। | (ক) টিআর/কাবিখা প্রকল্পের কাজ শতভাগ বাস্তবায়নের জন্য সার্বিক মনিটরিং করতে হবে। | চে. |
| ৩১ | **দোড়া ইউনিয়ন চেয়ারম্যান** : দোড়া ইউনিয়ন চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নে গ্রাম আদালতের সার্বিক কার্যক্রম চলমান আছে। | (ক) সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | দোড়া ই চেয়ারম্যা |
| ৩২ | **কুশনা ইউনিয়ন চেয়ারম্যান** : কুশনা ইউনিয়ন চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রম চলমান আছে। | (ক) সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | কুশনা ইউপি চেয়ারম্যান |
| ৩৩ | **বলুহর ইউনিয়ন চেয়ারম্যান** : বলুহর ইউনিয়ন চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রম চলমান আছে। | (ক) বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | বলুহর ইউপি চেয়ারম্যান |
| ৩৪ | **এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান** : এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নের জন্ম মৃত্যু এবং গ্রাম আদালতে সার্বিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম চলমান আছে। | (ক) সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | এলাঙ্গী ইউপি চেয়ারম্যান |
| ৩৫ | **মহিলা ভাইস চেয়ারম্যান** : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। | (ক) উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা নিয়মিত করতে হবে। এবং সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সদস্য সচিবগণ |
| ৩৬ | **ভাইস চেয়ারম্যান** : উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর সম্পর্কিত স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে সভার মাধ্যমে অনুরোধ করেন। | (ক) বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সদস্য সচিবগণ |
| ৩৭ | **উপজেলা চেয়ারম্যান** : উপজেলা চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের প্রকৌশলী দপ্তরে একজন ইলেকট্রিশিয়ান পদে নিয়োগ থাকা সত্ত্বেও তিনি দীর্ঘদিন কর্মস্থলে উপস্থিত থাকে না। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) ইলেকট্রিশিয়ানের নামে শোকজের পত্র প্রেরণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| ৩৮ | অক্টোবর/২০২৩ মাসে উপজেলা চেয়ারম্যানের মাসিক সম্মানী ও বাড়ী ভাড়া বাবদ ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা, ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী বাবদ ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা, মালির বেতন ভাতা বাবদ ১৬,৫০০/- (ষোল হাজার পাঁশত) টাকা, পরিচ্ছন্নতাকর্মীর বেতন ভাতা বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা, আপ্যায়ন, আনুষঙ্গিক ও ইন্টারনেট বিল বাবদ ব্যয় ৩৮,৫০০/- (আটত্রিশ হাজার পাঁচশত) টাকা, উপজেলা পরিষদের মটর মেরামত, ফটোকপি মেশিন সার্ভিসিং, টোনার ও পানির ট্যাংকির বলকক ক্রয় বাবদ ২২,৮৪৭/- (বাইশ হাজার আটশত সাতচল্লিশ) টাকা, অফিসার্স কোয়াটারের বাথরুমের হাউজ পরিষ্কার বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকা, ভাইস ও মহিলা ভাইস চেয়ারম্যানের জুন/২৩ হতে সেপ্টেম্বর/২৩ পর্যন্ত স্থায়ী কমিটির আপ্যায়ন বিল বাবদ ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা হয়েছে যা পরিষদ কর্তৃক অনুমোদনের প্রয়োজন। | (ক) বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদন করা হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.১১.২৩

মোছাঃ শরিফুন্নেছা (মিকি)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোটচাঁদপুর, ঝিনাইদহ

ফোন : ৪৭৭৭-৪৯০৯৩
ই-মেইল- chairman.upz.kot.jhe@gmail.com

স্মারক নং : ০৫.৪৪.৪৪৪২.০০০.০৪.০০২.২৩- ৯১০৯ (৪০) তারিখ : ২৬/১১/২০২৩ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১. মাননীয় সংসদ সদস্য, ৮৩-ঝিনাইদহ-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক,ঝিনাইদহ।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৫. মেয়র, কোটচাঁদপুর পৌরসভা, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৮. উপজেলা ......................... কর্মকর্তা, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৯. চেয়ারম্যান, সাফদারপুর/দোড়া/কুশনা/বলুহর/এলাঙ্গী ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১০. জনাব.................................কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১১. সহকারী প্রোগ্রামার, কোটচাঁদপুর,ঝিনাইদহ (কার্যবিবরণী ওয়েব পোর্টালে প্রকাশে অনুরোধসহ)।

26.11.23

(উছেন মে)
উপজেলা নির্বাহী অফিসার
কোটচাঁদপুর, ঝিনাইদহ
মোবাইল নং- ০১৩২৪-১৬৪৮১০
ই-মেইল : unokotchandpur@mopa.gov.bd

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-"ক")

| ক্রমিক নং | সদস্যগণের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব, মোছাঃ শরিফুন্নেছা (মিকি), চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০২ | জনাব, মোঃ রিয়াজ হোসেন ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব, পিংকী খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৪ | প্যানেল মেয়র, কোটচাঁদপুর পৌরসভা, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, সাফদারপুর ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, দোড়া ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, কুশনা ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, বলুহর ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, এলাঙ্গী ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা প্রকৌশলী, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা কৃষি অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা সমাজসেবা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমবায় অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৭ | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন ও প্রশিক্ষণ কেন্দ্র, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৮ | ইউডিএফ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৯ | আবাসিক প্রকৌশলী, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা পাট অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ৩১ | এজিএম, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ৩২ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-"খ")

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা ক্ষুদ্র সেচ (বিএডিসি), কোটচাঁদপুর, ঝিনাইদহ। | |
| ০২ | সাব রেজিষ্টার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | |
| ০৩ | স্টেশন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | |
| ০৪ | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | |

## সভায় উপস্থিত প্রতিনিধিদের তালিকা (পরিশিষ্ট-"গ")

| | | |
|---|---|---|
| ০১ | জনাব, মো: সৈয়দ আলী, অফিস সহকারি, উপজেলা নির্বাচন অফিস, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |